



## নিজেদের নির্দোষ দাবি করে আদালতে ন্যায়বিচার চাইলেন নাসির-তামিমা



সংগৃহীত ছবি

অন্যের স্ত্রীকে প্রলুব্ধ করে নিয়ে যাওয়া, ব্যভিচার ও মানহানির অভিযোগে করা মামলায় বাংলাদেশ জাতীয় দলের ক্রিকেটার নাসির হোসেন ও তার স্ত্রী তামিমা সুলতানা তাম্মি আদালতে নিজেদের নির্দোষ দাবি করেছেন।

সোমবার (১৪ জুলাই) ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. জাকির হোসাইনের আদালতে আত্মপক্ষ সমর্থন শুনানিতে তারা বলেন, তারা কোনো অপরাধ করেননি এবং আদালতের কাছে ন্যায়বিচার প্রত্যাশা করেন।

শুনানির সময় বিচারক মামলার ১০ জন সাক্ষীর সাক্ষ্য পড়ে শোনালে বিচারক তাদের প্রশ্ন করেন, তারা দোষী কি না। জবাবে নাসির ও তামিমা নিজেদের নির্দোষ বলে জানান। আদালত জানতে চাইলে আসামিপক্ষের আইনজীবী জানান, তারা লিখিত ব্যাখ্যা এবং সাফাই সাক্ষ্য দেবেন। এ জন্য আদালত আগামী ১১ আগস্ট নতুন দিন ধার্য করেন।

মামলাটি দায়ের করেন তামিমার সাবেক স্বামী রাকিব হাসান। তিনি অভিযোগ করেন, ২০১১ সালে তাদের বিয়ে হয় এবং তাদের একটি মেয়ে রয়েছে। রাকিবের দাবি, বৈবাহিক সম্পর্ক চলমান থাকা অবস্থায় তামিমা ক্রিকেটার নাসির হোসেনকে বিয়ে করেন, যা ধর্মীয় ও রাষ্ট্রীয় আইন অনুযায়ী অবৈধ। এই ঘটনার ফলে রাকিব ও তার মেয়ের মানসিক বিপর্যয় ঘটে এবং তিনি সামাজিকভাবে চরমভাবে অপমানিত হন।

২০২১ সালের ১৪ ফেব্রুয়ারি নাসির ও তামিমার বিয়ের ছবি সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়লে বিষয়টি রাকিবের নজরে আসে। পরে তদন্ত শেষে আদালত ২০২২ সালে নাসির ও তামিমার বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরু করেন। মামলায় ১০ জন সাক্ষীর সাক্ষ্য গ্রহণ ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে। এখন আসামিপক্ষের সাফাই সাক্ষ্যের মাধ্যমে মামলার পরবর্তী ধাপ এগোবে।